

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

www.bb.org.bd

ফাল্গুন ২৪, ১৪২২

তারিখ : -----

মার্চ ৭, ২০১৬

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-০৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বন্ড লাইসেন্সবিহীন শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত কার্টন ও এক্সেসরিজ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্যাকেজিং শিল্প-কারখানা ও হ্যান্ডার এবং প্লাস্টিকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে সরবরাহের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় সাইট বা ইউজ্যান্স এলসি প্রদান প্রসঙ্গে।

সেল্‌স কন্ট্রোল বিপরীতে এলসি স্থাপন প্রসঙ্গে ১২/১২/২০১০ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)১২৫/২০১০-১৬৯৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার পত্রে রপ্তানি চুক্তির বিপরীতে সাইট বা ইউজ্যান্স ব্যবস্থায় আমদানি এলসি খোলার বিষয়ে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণের দৃষ্টিকোণ থেকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনাপত্তি প্রদান করা হয় এবং চূড়ান্ত রপ্তানিকারক প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী হওয়ার আবশ্যিকতার প্রসংগটি জাতীয় রাজস্ব বোর্ডের বিবেচ্য বলে উল্লেখ করা হয়।

২। উল্লিখিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ২১/০৩/২০১২ তারিখের অফিস আদেশ নথি নং-৭(২১)শুল্ক: রপ্তানি ও বন্ড/২০০৭/১৭৬(২২) এবং সাম্প্রতিক সিদ্ধান্তের প্রেক্ষিতে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, সকল ধরনের রপ্তানি চুক্তি, যেমন: সেল্‌স কন্ট্রোল, পার্চেজ অর্ডার, প্রোফরমা ইনভয়েস ইত্যাদির বিপরীতে বিদেশে রপ্তানির ক্ষেত্রে বন্ড লাইসেন্সবিহীন রপ্তানিকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত কার্টন ও এক্সেসরিজ পণ্যাদি সংগ্রহ করার জন্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় পরিচালিত প্যাকেজিং শিল্প-কারখানা ও হ্যান্ডার এবং প্লাস্টিকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুমোদিত ডিলার ব্যাংকসমূহ কর্তৃক বৈদেশিক মুদ্রায় ইউজ্যান্স এলসি এবং অগ্রিম রপ্তানি মূল্য প্রাপ্তির ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় সাইট এলসি ইস্যু করা যাবে।

৩। উপরোল্লিখিত এলসি সমূহের মূল্য পরিশোধে [Guidelines for Foreign Exchange Transactions, 2009](#) এর অধ্যায়-৩ এর অনুচ্ছেদ-৩(সি) এর নির্দেশনা পরিপালন করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০